দর্শনায় পানিতে ডুবে শিশুর মৃত্য

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার যদুপুর গ্রামে নানা বাড়ি বেড়াতে এসে খেলতে গিয়ে গর্তের পানিতে ডুবে শিশু আছিয়া খাতুন (৩) মৃত্য হয়েছে।

জানাগেছে আজ ২৬ নভেম্বর শনিবার বেলা ১১ টার দিকে বাড়ির পাশে খেলতে গিয়ে টিউবওয়েলর পাশে গর্তের পানিতে ডুবে মৃত্য হয়েছে।নিহত শিশু আছিয়া (৩) কুমিল্লা চাদপুর গ্রামের আলাউদ্দিনের মেয়ে।পারিবারিক সুত্রে জানা গেছে, গত কয়েকদিন আগে আমরা কুমিল্লা চাঁদপুর গ্রাম থেকে বেড়াতে এসেছি। আজ বেলা ১১ টার দিকে বাড়ির পাশে খেলতে গিয়ে টিউবওয়েলর পাশে গর্তের পানিতে পড়ে যায়।খোজাখুজি করে গর্তের ভিতর থেকে তুলে সাথে সাথে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।এ বিষয়ে একটি অপমৃত্যুর অভিযোগ হয়েছে।

ক্যান্সার আক্রান্ত শিশুকে সহযোগিতা করলেন দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটি

আড়াই বছর বয়সী ক্যান্সার আক্রান্ত শিশুর চিকিৎসায় সহযোগিতা করেছেন দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটি। হিমোফিলিয়া-এ (ক্যান্সার) আক্রান্ত শিশু আহানাফ আবিদ দামুড়হুদা উপজেলার মজলিসপুর গ্রামের শান্তি মিয়ার ছেলে ।

গতকাল শুক্রবার সকালে বাসস্ট্যান্ডস্থ মনি ফল ভান্ডারে শিশুটির সুচিকিৎসায় তার পিতার হাতে আর্থিক সহায়তা তুলে দেন দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার বণিক সমিতির নেতৃবৃন্দরা। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার বণিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, সহসভাপতি মুনতাজ আলী, সাধারণ সম্পাদক সাদেক আলী বিশ্বাস পাখি, যুগ্ন সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম। শিশুটিকে যারা সহযোগিতা করতে চান শিশুটির পিতার উল্লেখিত (০১৯৫২১৩১১৬৮) মোবাইল নাম্বারে যোগাযোগ করার আহ্বান করা হল।

আলমডাঙ্গায় দাঁতের সংক্রমণ চিকিৎসা করতে এসে রোগীর মৃত্যু

আলমডাঙ্গায় দাঁতের সংক্রমণ চিকিৎসা করতে এমে রুবেল হোসেন (২৭) নামের এক রোগীর মৃত্যু হয়েছে। শুক্রবার আলমডাঙ্গার মর্ডাণ ডেন্টাল ক্লিনিকে ওই রোগী আসলে ডাক্তার অপারেশনের প্রস্তুতি নেওয়ার এক পর্যায়ে রোগীর শ্বাসকষ্ট শুরু হয়। দ্রুত তাকে ফাতেমা ক্লিনিকে নিয়ে গিয়ে শ্বাস প্রশ্বাস স্বাভাবিক করার জন্য শ্বাশনালী ফুটো করে তাকে কুষ্টিয়ায় রেফার্ড করা হলে সেখানে রোগীর মৃত্যু হয়।

স্থানীয় সুত্রে জানা যায়,আলমডাঙ্গার পারকুলা গ্রামের রফিকুল ইসলামের ছেলে রুবেল হোসেন অগ্রণী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এ চাকরী করেন। কয়েক বছর ধরে তার দাঁতের মাড়িতে সংক্রমণ হয়ে পুজ জমে। তিনি এই সংক্রমণ চিকিৎসার জন্য আলমডাঙ্গার মর্ডাণ ডেন্টাল ক্লিনিকে ডেন্টাল সার্জন আব্দুল হান্নানের কাছে আসেন। রোগীর চোয়ালের নীচে পুঁজের জমে থাকার কারণে শ্বাসনালী বন্ধ হওয়ার উপক্রম হয়। রোগীর চিকিৎসার জন্য চোয়াল অবশ করার এক পর্যায়ে প্রচন্ড শ্বাসকষ্ট শুরু হলে তাকে দ্রুত স্থানীয় ফাতেমা টাওয়ারে নিয়ে যাওয়া হয়। সেখানে অপারেশন থিয়েটারে নিয়ে শ্বাসপ্রশ্বাস স্বাভিাবক করার চেষ্টা চালানো হয়। পরে এনেস্থিয়া ডাক্তার আব্দুস

সালাম ঘটনাস্থলে উপন্থিত। এরপর ডেকে নেওয়া হয় নাক কান গলা বিশেষজ্ঞ খালিদ মাহমুদকে।

তৎক্ষণে রোগীর অবস্থা আরও খারাপ হতে থাকে। তিনি এসময় শ্বাসপ্রশ্বাস একেবারেই নিতে পারছিলেন না। ডাক্তার খালিদ মাহমুদ শ্বাস প্রশ্বাস স্বাভিাবক করার জন্য শ্বাসনালী (ট্রা্ক্সওসটমি) ফুটো করে কৃত্রিমভাবে শ্বাস প্রশ্বাস স্বাভাবিক করার চেষ্টা করেন। এতেও কাজ না হয়ে রোগীর পরিস্থিতি অবনতি হলে তাকে অক্সিজেন দিয়ে কুষ্টিয়া মান্নান হার্ট ফাউন্ডেশনে নিয়ে যাওয়া হয়। সেখানে নিয়ে যাওয়ার পর চিকিৎসক রোগীকে মৃত ঘোষনা করেন।

এ বিষয়ে মর্ডাণ ডেন্টাল ক্লিনিকে ডেন্টাল সার্জন আব্দুল হান্নান জানান,রোগী দাঁতের সংক্রমণ থেকে চোয়ালের নীচে পুঁজ জমে। সেলুলাইচ নিয়ে আমাদের কাছে আস। রোগীর শ্বাসকষ্ট শুরু হলে অক্সিজেন ও আনুসাঙ্গিক সার্পোটের জন্য ফাতেমা টাওয়ারে নেওয়া হয়। তারপর শ্বাসকষ্ট বাড়তে থাকলে শ্বাসনালী ফুটা করে শ্বাস প্রশ্বাস ম্টেবল করার চেষ্টা করা হয়। এ অপারেশনের জন্য এনেস্থেশিয়া ডা: আব্দুস সালামের উপস্থিতিতে ইএনটি ডা: খালিদ আমি চেষ্টা চালিয়ে এয়ার ওয়ে স্টেবল করা হয়। তারপরও রোগী খারাপেন দিকে গেলে তাকে আইসিইউতে রেফার্ড করা হয়।

এদিকে কুষ্টিয়া থেকে লাশ গ্রামে নিয়ে আসলে স্বজনদের আহাজারি শুরু হয়। সংবাদ পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হন। পরে থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম পরিবারের কাছে বিষয়টি জানতে চান। তাদের কোন অভিযোগ না থাকায় লাশ দাফনের অনুমতি দেয় পুলিশ। দুপুরে লাশের দাফন সম্পন্ন হয়।

ফারিয়া কর্তৃক বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতি দামুড়হুদা

শাখার সংবর্ধনা অনুষ্ঠান

দামুড়হুদা থানা ফারিয়া কর্তৃক বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতি দামুড়হুদা শাখার সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত। দামুড়হুদা থানা ফারিয়ার সভাপতি মোজাম্মেল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতির দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আ স ম দুদু ইসলাম।

গতকাল শুক্রবার বেলা তিনটার দিকে দামুড়হুদা থানা ফারিয়া আয়োজনে ক্যাফে রুপকথা হাউজে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতেই প্রবিত্র কোরআন তেলোয়াত করেন দামুড়হুদা থানা ফারিয়ার ক্রীড়া সম্পাদক আসাদুসজ্জামান আসাদ ও প্রবিত্র গীতা পাঠ করেন দামুড়হুদা থানা ফারিয়ার সহসভাপতি গৌতম চন্দ্র মন্ডল।

জানাযায়, দামুড়হুদা থানা ফারিয়া আয়োজনে বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতি দামুড়হুদা উপজেলা শাখার ২১ সদস্যকে আনন্দঘন পরিবেশে ক্রেষ্ট উপহার দিয়ে সংবর্ধনা দেওয়া হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন সহসভাপতি আবদুর রহমান, সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান বাচ্চুু, যুগ্মসাধারণ সম্পাদক মাকসুদুর রহমান রতন, যুগ্মসাধারণ সম্পাদক আতিয়ার রহমান, সাংগঠনিক সম্পাদক নওশাদুল ইসলাম, দামুড়হুদা থানা ফারিয়ার অর্থ সম্পাদক ডালিম উদ্দীন, সদস্য আবুবক্কর, ইমরান,আব্দুল খালেক,নয়ন,সোহেল, সাইদুরজামান, ফিরোজ,খুসবু,মেহেদী, ওমর ফারুক, আরিফুল ইসলাম, হাসান আলী, রানাসহ দামুড়হুদা থানা ফারিয়া ও বাংলাদেশ ড্রাগ এন্ড কেমিস্ট সমিতি দামুড়হুদা শাখার সদস্যবৃন্দ।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতা করেন দামুড়হুদা থানা ফারিয়ার সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা থানা ফারিয়া যুগ্নসাধারণ সম্পাদক সাইদ উর রহমান।

দামুড়হুদা থানা ফারিয়ার সভাপতি মোজাম্মেল হক বলেন, প্রর্তেক ফার্মেসীর মালিক ও ওষুধ কোম্পানির প্রতিনিধি ভাই ভাই সর্ম্পক সারাদিন একে অপরের সাথে কাজ করতে হয়। তাই আমাদের আশা উভায় উভায়ের সঙ্গে সৌর্হাদ্যপৃর্ণ ব্যবহারের মার্ধ্যমে কাজ করে যাব।কারো সাথে কোন অসংগতি রাখবো না।

দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ প্রত্রিকার ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা জেলা থেকে প্রকাশিত দৈনিক সময়ের সমীকরণ প্রত্রিকার ৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত পালন করা হয়েছে। দামুড়হুদা প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশির এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী। গতকাল বৃহস্পতিবার সন্ধায় দামুড়হুদা প্রেসক্লাবে কেক কেটে জম্মদিন পালন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন,দামুড়হুদা প্রেসক্লাবের অর্থ সম্পাদক শমশের আলি, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি,সাবেক সহসভাপতি হাফিজুর রহমান কাজল, খোলা কাগজের চুয়াডাঙ্গা প্রতিনিধি ও সিনিয়র সাংবাদিক শামসুজ্জোহা পলাশ,দৈনিক মাথাভাঙা পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মিরাজুল ইসলাম মিরাজ, দামুড়হুদা প্রেসক্লাবের সদস্য ও দৈনিক নবচিত্র পত্রিকার প্রতিনিধি এস এম সুজন, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, দৈনিক প্রশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলনসহ একঝাঁক সাংবাদিকবৃন্দ।

এসময় প্রধান অতিথি দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা সবসময় বস্তুনিষ্ঠা ও পরিচ্ছন্ন সংবাদ পরিবেশন করে আসছেন।এই পত্রিকা পড়তে আমার কাছে খুব ভালো লাগে। পত্রিকার উওর উওর সমৃদ্ধ কামনা করছি।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি বলেন, দৈনিক

সময়ের সমীকরণ পত্রিকা কোন অশ্লীল বিঙ্গাপন ছাপা হয় না এ কারণে বাড়ির মা বোনেরাও এই পেপার পড়তে পারে।আরো সামনের দিকে এগিয়ে যাক এই কামনা করি।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী বলেন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকাটি আমার প্রথম থেকেই ভালো লাগে। কারণ সব সময় দেখেছি এই পত্রিকায় যে নিউজটাই ছাপা হয় তা তথ্যভিত্তিক।এই পত্রিকাটি প্রতিটি মানুষের দোড় গোড়ায় পৌয়ছে যাক এই প্রত্যশা করি।

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার প্রশিক্ষানার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরন

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার আয়োজনে কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন ও ড্রাইভিং প্রশিক্ষানার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গাস্হ একাডেমি মোড় কার্যালয়ে শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট দেয়া হয়। সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও সংস্থার জেলা শাখার সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান।

বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক ও সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফের উপস্থাপনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন। বিশেষ অতিথির বক্তব্য দেন সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকী সোহেলী রশিদ, সদর থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান কাজল, এটিএন বাংলার জেলা প্রতিনিধি রফিক রহমান ।

এ সময় আরো উপস্থিত ছিলেন বহুমুখী মানব কল্যান সংস্থার ডেপুটি ম্যানেজার আব্দুল আওয়াল প্রিন্স, চুয়াডাঙ্গা প্রজেক্ট কো - অডিনেটর নাঈম সরোয়ার, নাসির জোয়ার্দার, সোহেল রানা প্রমুখ।

চুয়াডাঙ্গা ও দামুড়হুদায় ড্রাইভিং কাম অটো মেকানিকস এবং কম্পিউটার অফিস এপ্লিকেশন কোর্সের ১০ টি ব্যাজের ৩০০ জন শিক্ষার্থীর মাঝে সনদপত্র ও সন্মানী প্রদান করেন অতিথিরা। এর আগে বুধবার আলমডাঙ্গা এরশাদপুরে মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার অফিস এপ্লিকেশন ও ড্রাইভিং কাম অটো মেকানিকস কোর্সের ৭টি ব্যাজের ২১০ জন শিক্ষার্থীর মাঝে সনদপত্র ও সন্মানী প্রদান করা হয়।

দামুড়হুদায় পাওয়ার ট্রিলারের চাকায় হাওয়া বিস্ফোরণে কিশোর কর্মচারী নিহত

দামুড়হুদায় পাওয়ার ট্রিলারের চাকায় হাওয়া দিতে গিয়ে বিস্ফোরণের ঘটনায় রহিম (১১) নামের এক কিশোর কর্মচারী নিহত হয়েছে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রঘুনাথপুর ব্রিজ সংলগ্ন মন্ত্রী ইন্জিনিয়ারিং ওয়ার্কার্স এন্ড ওয়েলিং হাউজ প্রতিষ্ঠানে এ দূর্ঘটনাট ঘটে।

নিহত কিশোর একই ইউনিয়নের পুরাতন বাস্তুপুর গ্রামের ফকরের ছেলে।সে ৮ দিন পূর্বে উল্লেখিত দোকানের শ্রমিক হিসেবে কাজ শুরু করছিলেন বলে জানিয়েছেন তার পরিবার।

স্থানীয়দের সাথে কথা বলে জানা যায়, পাওয়ার ট্রিলারের চাকা পামছার হওয়ার কারণে।গাড়ির চালক চাকাটি সারানোর জন্য খুলে নিয়ে আসেন মন্ত্রী ইন্জিনিয়ারিং ওয়ার্কসপ সিরাজুলের দোকানে। দোকানে থাকা ১১ বছর বয়সের কর্মচারী কিশোর রহিম ঐ চাকাটি সারান।এরপর গ্যাস সিলিন্ডারে পাওয়ার ট্রিলারের চাকায় হাওয়া ঢুকান সে। চাকায় হাওয়া ঢুকানোর এক পর্যায়ে অতিরিক্ত হাওয়ায় ফলে চাকাটি বিস্ফরোণ

হয়।এসময় চাকার ভিতরে থাকা লোহার বস্তুু’র একটা অংশ ছিটকে দোকানের উপরে থাকা টিন ভেদ করে সড়কের উপরে পড়েন। অপর একটি লোহার অংশে কিশোর রহিমের মাথায় স্ব জোরে আঘাত লাগলে তার মাথা দ্বি খন্ডিত হয়।এতে ঐ কর্মচারী মারাত্মক জখম হলে তার মাথা দিয়ে প্রচুর রক্তক্ষরণ শুরু হয়। স্থানীয়রা দ্রুত তাকে রক্তাক্ত জখম অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেন।হাসপাতালে পৌঁছালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

সচেতন মহল বলছেন,একেবারে অল্প বয়সের একটা কিশোরকে দিয়ে এ ধরনের কাজ করানোটা উচিত হয়নি।জেনেছি নিহত কিশোর এ দোকনে ৭-৮ দিন কাজ শুরু করেছেন।এ কাজের তো তার কিছুই বোঝার কথা নয়।তাছাড়া আইনে আছেন এ বয়সের শিশু – কিশোরদের দিয়ে কাজ করানো অবৈধ। এরপর পারিবারিক অচ্ছলতার কারণে যদি কেউ করেই থাকেন তবে দেকান মালিককে অবশ্যই শিখিয়ে পড়িয়ে নেওয়া উচিত ছিল । সামান্য একটা ভুলের কারণে অল্প বয়সের একটা জীবন হারিয়ে গেল। অতচ এখন তার থাকার কথা স্কুলে।

ইউপি সদস্য আব্দুল হান্নান জানান,ঘটনাটি খুবই দুঃখ জনক।পারিবারিক ভাবে জেনেছি এ ঘটানায় নিহতের পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ করেবে না। ময়নাতদন্ত ছাড়াই যাতে তাদের সন্তনের মরদেহ দাফন করতে পােরে তার জন্য আইনগত ব্যবস্থাগ্রহণের প্রস্তুতি নেওয়া হচ্ছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত, চিকিৎসক সৌরভ হোসেন জানান হাসপাতালে নিয়ে আসার আগেই তার মৃত্যু হয়েছে। বর্তমানে তার লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে আছে।

এ ঘটনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ জানান, ঘটনাটি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তবে এ বিষয় নিহতের পরিবার থেকে এখনও পর্যন্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থাগ্রহণ করা হবে।

আলমডাঙ্গায় বাসের সঙ্গে আলমসাধুর সংঘর্ষ, নিহত ১

আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়ায় যাত্রীবাহি বাস ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে ১ জন নিহত হয়েছে। স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

সোমবার (২১ নভেম্বর) দুপুর ২ টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে। খবর পেয়ে হাটবোয়ালিয়া ফাঁড়িপুলিশ লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করে।

নিহত আলমসাধু চালক জিন্নাত আলী গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের মৃত রতন শেখের ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের মৃত রতন শেখের ছেলে জিন্নাত আলী। সে সোমবার দুপুরে আসমানখালী বাজার থেকে হাটবোয়ালিয়ায় যাচ্ছিলো।

এসময় চুয়াডাঙ্গা থেকে আসা দ্রুতগামী যাত্রীবাহি বাস আলমসাধু গাড়ির পিছনে ধাক্কা দেয়। নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রাস্তার পাশে খাদে পড়ে সে গুরুতর আহত হয় । স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

দর্শনার বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফার রাষ্টিয় মর্যাদায় দাফন

দামুড়হুদা উপজেলার দর্শনার মদনা গ্রামের বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা বিশ্বাস (৭৫)ইন্তকাল করেছেন রাষ্টিয় মর্যাদায় তাকে দাফন সম্পর্ন করা হয়েছে। সে মদনা গ্রামের মাঝের পাড়ার মৃত আজিম হোসেন বিশ্বাস এর ছেলে।

সোমবার বেলা ১১ টায় দামুড়হুদা উপজেলার মদনা গ্রামের বাজারের জামে মসজিদের সমানে নামাজের জানাজা শেষে মদনা গ্রামের পািরিবারিক কবরস্হানে দাফন সম্পর্ন করা হয়।দাফনের এর আগে বেলা সাড়ে ১০ টায় তার প্রতি প্রথমে রাষ্টিয় মর্যাদায় সালাম গার্ড অব অনার প্রদর্শন করে চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একটি চৌকসটিম।

এর পর দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা বিশ্বাসের শোক সমাপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।এ সময় আরও উপস্হিত ছিলেন দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির,ও গ্রামের গণ্যমান্য ব্যাক্তবর্গ।

কেরুর বিষাক্ত বর্জ্যের পানিতে ৪ মাস ধরে বন্দি মুক্তিযোদ্ধা কার্যলয়

কেরুর বিষাক্ত বর্জ্যের পানিতে ৪ মাস ধরে বন্দি হয়ে রয়েছে মুক্তিযোদ্ধা কার্যলয় এতে করে বিঘ্ন হচ্ছে মুক্তিযোদ্ধোর কার্যক্রম।

এ বিষয়ে কেরুজ কর্মকর্ত কর্মচারীরা উদাসীনতা পালন করেছে বলে মনে করছে সচেতন মহল। জানা গেছে, চুয়াডাঙ্গার জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় অবস্থিত দেশের সর্ববৃহৎ চিনিকল ও ডিস্টিলারি।কেরু এন্ড কোম্পানির বর্জ্যের দুর্গন্ধে এলাকাজুড়ে মারাত্মকভাবে পরিবেশ দূষণ ঘটছে। স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে চিনিকলের আশপাশ এলাকার হাজার হাজার মানুষ। প্রতিষ্ঠানটির কর্মকর্তা- কর্মচারিদের নানা অনিয়ম, অব্যবস্থাপনা ও উদাসীনতার কারণে এমন পরিস্থিতির সম্মুখিন হতে হচ্ছে বলে অভিযোগ এলাকাবাসীর।

জানা গেছে, কেরু এন্ড কোম্পানির জৈবসার তৈরির কাঁচামাল চিনিকল ও ডিস্টিলারির বর্জ্য যথাযথভাবে সংরক্ষণের অভাব মিলের বর্জ্যপানি নিষ্কাশন লাইনের পাইপ ফেটে নোংরা পানি বের হয়ে বিভিন্ন এলাকায়

এ ব্যাপারে জানতে চাইলে কেরু এ্যান্ড কোম্পানির ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক (প্রশাসন) শেখ মো. শাহাবুদ্দিন বলেন, বাজারমাঠ সংলগ্ন এলাকায় বর্ডার পানি বের হচ্ছে এমন খবর কেও আমাকে জানায়নি, আপনার মাধ্যমে জানতে পারলাম। আমাকে জানালে ব্যবস্থা নিতাম। ওই এলাকার পানিনিষ্কাশনের লাইন পৌরসভার ড্রেনের সঙ্গে সংযুক্ত হবে। আমি যতদুর জানি ড্রেনের কাজ শুরু হয়নি ফলে পানি ওভারফ্লু হয়ে রাস্তায় চলে এসেছে। আর মুক্তিযোদ্ধা কার্যালয়ের সামনে আমরা মাটি ভরাটের কাজ শুরু করবো, বাজেট হয়ে গেছে।এ বিষয়ে কেরু এ্যান্ড কোম্পানির ব্যাবস্হাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেনকে ফোন দিলে তিনি ফোন রিসিভ করেনি।ফোন রিসিভ না করায় বক্তব্যে নেওয়া সম্ভব হয়নি।